

E-CONTENT PREPARED BY

Sri Sujoy Gayen

Assistant Professor

Department of Philosophy

Durgapur Government College, Durgapur, West Bengal

(Affiliated to Kazi Nazrul University, Asansol, West Bengal)

NAAC Accredited "A" Grade College

(Recognized under Section 2(f) and 12(B) of UGC Act 1956)

E-Content prepared for students of

**B.A. Honours/Programme (Semester-II) in
Philosophy**

Name of Course: Indian Logic (BAPPHIC201)

Topic of the E-Content: Theory of Substance: Descartes

Quadrant 1: Text

দেকার্তের মতে, “দ্রব্য হল তাই যা স্ব-নির্ভর, যার অস্তিত্বের জন্য অন্য কোন কিছু ওপর নির্ভর করতে হয় না।” দ্রব্যের এই সংজ্ঞা অনুসারে অসীম ও পরিপূর্ণ সত্তারূপে ঈশ্বরই একমাত্র দ্রব্য, কেননা কেবলমাত্র ঈশ্বরই স্বনির্ভর, আর সকল বস্তু ঈশ্বর-সৃষ্ট হওয়ায় ঈশ্বর-নির্ভর অর্থাৎ পর-নির্ভর। জড়-জগতে কাঠের টেবিল কাঠের ওপর, কাঠ গাছের ওপর, গাছ বীজাক্ষুরের ওপর, অক্ষুর জল-মাটি-আলো-বাতাস ইত্যাদির ওপর এবং এভাবে অস্তিম পর্যায়ে সবকিছুই ঈশ্বরের ওপর নির্ভরশীল। তেমনি আবার চেতন জগতে কামনা-বাসনা নির্ভর করে

অহং-চেতনার ওপর, ঐ চেতনা নির্ভর করে অহংরূপে আত্মার ওপর এবং জীবাত্মা নির্ভর করে ঈশ্বরের ওপরে। কাজেই, জড়জগৎ ও চেতনা জগতের সবকিছুই ঈশ্বর-নির্ভর হওয়ায় সেসব দ্রব্য নয়। ঈশ্বরই কেবল স্বনির্ভর। ঈশ্বর সবকিছুর কারণ হলেও নিজে অকারণ। ঈশ্বর স্বয়ং-সম্পূর্ণ এবং স্বয়ম্ভু।

দেকার্ত ঈশ্বর-নির্ভর আরো দুটি দ্রব্য স্বীকার করেছেন—জড় ও মন বা আত্মা। কাজেই, দেকার্তের মতে, “দ্রব্য হল তিনটি—ঈশ্বর, জড় ও মন। কেননা, জড় ও মন এই দুটি হল ঈশ্বর কর্তৃক সৃষ্ট দ্রব্য। বিশুদ্ধ বুদ্ধি দিয়ে আমরা জানতে পারি যে, জড়-জগতের মূলে হল জড়দ্রব্য (material substance), আর চেতন জগতের মূলে হল চেতনদ্রব্য (spiritual substance) বা আত্মা (soul)। জড় ও মন—এ দুটি দ্রব্য ঈশ্বর-নির্ভর হলেও তাদের পারস্পরিক নির্ভরতা নেই। জড়, আত্মা বা মনের ওপর নির্ভর করে না। তেমনি মন বা আত্মা জড়ের ওপর নির্ভর করে না। জড় ও মন পরস্পর স্বতন্ত্র। এই অর্থে জড় ও মনের প্রত্যেকটি স্বনির্ভর, অন্য-নিরপেক্ষ অর্থাৎ দ্রব্য।

জড় দ্রব্য ও চেতন দ্রব্য—এই দুটি পরস্পর-বিরোধী দ্রব্য। জড়ের ধর্ম (attribute) আত্মায় থাকে না, তেমনি আত্মার ধর্ম জড়তে থাকে না। “ধর্ম” (attribute) বলতে দেকার্ত তাকেই বুঝিয়েছেন যা দ্রব্যের অস্তিত্বের পক্ষে অপরিহার্য। অর্থাৎ দেকার্তের মতে, ‘ধর্ম’ হল দ্রব্যের অপরিহার্য ও আবশ্যিক গুণ, যাকে বাদ দিয়ে দ্রব্যের চিন্তা করাই যায় না। জড় দ্রব্যের ধর্ম হল বিস্তৃতি, কেননা বিস্তারহীন জড়দ্রব্য থাকতে পারে না। তেমনি চেতন দ্রব্য আত্মার গুণ হল চেতনা, কেননা চেতনাহীন আত্মা থাকতে পারে না। জড়দ্রব্য এবং চেতন দ্রব্য কেবল দুটি স্বতন্ত্র দ্রব্য নয়, তারা দুটি পরস্পর-বিরোধী দ্রব্য। জড় দ্রব্যের ধর্ম হল চেতনাহীন বিস্তৃতি এবং চেতন দ্রব্যের ধর্ম হল বিস্তৃতিহীন চেতনা।

References:

1. Y. Masih : *A Critical History of Western Philosophy*, Motilal Banarsidass Publishers Private limited., Delhi, 1996.
2. ভট্টাচার্য. সমরেন্দ্র: *পাশ্চাত্য দর্শনের ইতিহাস*, বুক সিভিকেট প্রাইভেট লিমিটেড। ২০১৬ ,
3. চক্রবর্তী. সুশান্ত: *পাশ্চাত্য দর্শনের ইতিহাস*, বুক সিভিকেট প্রাইভেট লিমিটেড ২০১ , ০।
- 4.